# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

আলমপুর, দক্ষিণ সুরমা, সিলেট।

স্মারক নং : সিসিবো/ বিদ্যা/ রেজিঃ/২০২১ / ৪৫৮

তারিখ: ১৩ জ্যৈষ্ঠ, ১৪২৮ বঙ্গাব্দ / ২৭ মে, ২০২১ খ্রিস্টাব্দ

বিষয় ঃ **২০২১ শিক্ষাবর্ষে অষ্টম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের অনলাইন রেজিস্ট্রেশন প্রসঙ্গে।**

অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সরকারি ও বেসরকারি নিম্ন/মাধ্যমিক বিদ্যালয় ও মাধ্যমিক শ্রেণিযুক্ত মহাবিদ্যালয়ের প্রধানগণকে জানানো যাচ্ছে যে, ২০২১ সনে অষ্টম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশনের জন্য নিম্নোক্ত নির্দেশাবলী, ফি এবং সময়সূচি অনুযায়ী অনলাইন রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পাদনের জন্য অনুরোধ করা হলো।

## নির্দেশাবলীঃ

১. শিক্ষার্থীর পিতা-মাতা এস.এস.সি সনদধারী হলে তাঁদের মূল সনদ অনুযায়ী পিতা ও মাতার নাম এন্ট্রি করতে হবে। শিক্ষার্থীর পিতা- মাতা এস.এস.সি সনদধারী না হলে জন্ম নিবন্ধন/ জাতীয় পরিচয়পত্র অনুয়ায়ী পিতা-মাতার নাম এন্ট্রি করতে হবে।

২. ২০২১ সনের জে.এস. সি অনলাইন রেজিস্ট্রেশনের জন্য বিগত বছরের জে.এস. সি ফরম পূরণের Log In Password ব্যবহার করতে হবে।

**৩. জে.এস.সি পরীক্ষা পরিচালনা সংক্রান্ত নীতিমালা অনুযায়ী জে.এস.সি পরীক্ষায় অংশ গ্রহণের জন্য পরীক্ষা বছরের ৩১ ডিসেম্বর পরীক্ষার্থীর বয়স ন্যূনতম ১২ (বার) বছর হতে হবে এবং ১৭ (সতের) বছরের বেশি বয়সের ছাত্র/ছাত্রী জে.এস.সি পরীক্ষায় অংশ গ্রহণ করতে পারবে না। অর্থাৎ ২০২১ সনের জে.এস.সি পরীক্ষার্থীর বয়স ৩১/১২/২০২১ খ্রি. এ ন্যূনতম ১২(বার) বছর হতে হবে এবং ১৭ (সতের) বছরের উর্ধ্বে হবে না।**

৪. রেজিস্ট্রেশনের সময় শিক্ষার্থীর নাম, পিতা ও মাতার নামের পূর্বে মি. মিসেস, মরহুম, মেজর, কর্নেল, ব্রিগেডিয়ার, ডাক্তার, ড., শ্রী, শ্রীমতি,পাদ্রী, ফাদার, ভিক্ষু ইত্যাদি এবং নামের শেষে পদবি ছাড়া এমএ, বিএ, এফআরসিএস ইত্যাদি লেখা যাবে না।

৫. শিক্ষার্থীর ছবি UPLOADকরার সময় খুবই সতর্কতা অবলম্বন করতে হবে যাতে একজনের ছবির পরিবর্তে অন্যজনের ছবি UPLOAD হয়ে না যায়।

৬. যে সকল শিক্ষার্থী ২০২০ সালে রেজিস্ট্রেশন করেছে তাদের পুণরায় রেজিস্ট্রেশন করার প্রয়োজন নেই।

৭. অনলাইনে রেজিস্ট্রেশন সংক্রান্ত কার্যক্রম:

| | | | |
|---|---|---|---|
| রেজিস্ট্রেশন | শুরুর তারিখ | : | **০১/০৬/২০২১ খ্রি.** |
| | শেষ তারিখ | : | **২৬/০৬/২০২১ খ্রি.** |
| ৮.সোনালী ব্যাংকে ফি জমাদান | | : | **৩০/০৬/২০২১ খ্রি. এর মধ্যে** |
| **৯. নিশ্চায়নের তারিখ** | | : | **০৪/০৭/২০২১ খ্রি.** |

উল্লেখ্য, ব্যাংকে টাকা জমাদানের মূলকপি ও ই-রেজিস্ট্রেশনের এর মূল প্রিন্ট কপি (হার্ড কপি) প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে।

১০. যেহেতু বিলম্ব ফি দিয়ে অনলাইন রেজিস্ট্রেশনের সুযোগ নেই তাই নির্ধারিত সময়ের মধ্যেই শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করতে হবে।

## জেএসসি অনলাইন রেজিস্ট্রেশন সংক্রান্ত খাতওয়ারী ফি এর হার নিম্নরূপঃ

ক. রেজিস্ট্রেশন ফি (শিক্ষার্থী প্রতি)---------------------------------------------------------৫০.০০
খ. ক্রীড়া ফি ( শিক্ষার্থী প্রতি) ---------------------------------------------------------------৩০.০০
গ. রেড ক্রিসেন্ট ফি ( শিক্ষার্থী প্রতি)------------------------------------------------------- ১৫.০০
ঘ. অন্ধকল্যাণ ফি ( শিক্ষার্থী প্রতি) ------------------------------------------------------- ৫.০০
ঙ. জাতীয় স্কুল ক্রীড়া এ্যাফিলিয়েশন ফি ( প্রতিষ্ঠান প্রতি) ------------------------------------৩০০.০০
চ. উন্নয়ন ফি ( শিক্ষার্থী প্রতি) ---------------------------------------------------------------২৫.০০

**বিঃদ্রঃ স্বাস্থ্যবিধি যথাযথভাবে অনুসরণপূর্বক রেজিস্ট্রেশন সম্পাদনের জন্য প্রতিষ্ঠান প্রধানগণকে বিশেষভাবে অনুরোধ করা হলো। করোনা পরিস্থিতি বিবেচনায় বোর্ড কর্তৃপক্ষ উপরোক্ত সময়সূচি পরিবর্তন করার ক্ষমতা সংরক্ষণ করে।**

**প্রাপক: অধ্যক্ষ / প্রধান শিক্ষক**

অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল নিম্ন-মাধ্যমিক/মাধ্যমিক বিদ্যালয়
ও মাধ্যমিক শ্রেণিযুক্ত মহাবিদ্যালয়(সরকারি ও বেসরকারি)

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

২৭.০৫.২০২২

**(মোহাম্মদ মঈনুল ইসলাম)**
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
সিলেট।

**অবগতি ও কার্যার্থে অনুলিপি ( জ্যেষ্ঠতার ভিত্তিতে নয় )**

১. ব্যবস্থাপক, সোনালী ব্যাংক কর্পোরেট শাখা, সিলেট ।
২. সিস্টেম এনালিষ্ট,মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,সিলেট ।
৩. হিসাব রক্ষণ কর্মকর্তা,মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,সিলেট ।
৪. জেলা শিক্ষা অফিসার,সিলেট/হবিগঞ্জ/মৌলভীবাজার/সুনামগঞ্জ ।
৫. উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা,অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা ।
৬. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব,মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,সিলেট ।

২৭.০৫.২১

**(মোঃ জাহাঙ্গীর আলম)**
সহকারী বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
সিলেট।

E-asmat-registration-2021(8)